


বোটারি স্যান্ডস এর ভূ-গর্ভস্থ পানির উৎস অধিবাসীদের জন্য তথ্যপত্র, মার্চ 2018

সিডনির বোটারি এলাকার শিল্পকারখানার এক শতাব্দীর কর্মকাণ্ড ভূগর্ভস্থ পানির (এছাড়াও গ্রাউন্ড ওয়াটার নামে পরিচিত) দূষণ ঘটিয়েছে এবং এভাবে বোটারি উপকূলের বালুকাময় ভূগর্ভ হতে উত্তোলিত পানিরও দূষণ ঘটিয়েছে।

2006 সালে, NSW সরকার বোটারির কিছু অংশে গার্হস্থ্য ব্যবহারের জন্য ভূগর্ভস্থ পানি উত্তোলনের উপর নিষেধাজ্ঞা আরোপ করেছে।

পানি বিষয়ক অস্থায়ী নিষেধাজ্ঞা আদেশ

নিচের মানচিত্রে এলাকা 1 ও এলাকা 2 হিসেবে দেখানো বোটারির কিছু কিছু অংশের জন্য পানি বিষয়ক সাময়িক নিষেধাজ্ঞা প্রযোজ্য।



চিত্র 1. পানি সংক্রান্ত নিষেধাজ্ঞা আদেশের আওতাধীন এলাকা 1 ও 2

পানি বিষয়ক বর্তমান সাময়িক নিষেধাজ্ঞা আদেশটি 2018 সালে জারি করা হয়েছে এবং এটি 2006 সালের আদেশের স্থলাভিষিক্ত হয়েছে।

আদেশের প্রধান পরিবর্তনগুলির মধ্যে রয়েছে:

- আদেশটি কোথায় কোথায় প্রযোজ্য হবে তার বিবরণ একত্রিত করা হয়েছে, চারটি জোন থেকে দু'টি এলাকায় রূপান্তর করা হয়েছে। দু'টি এলাকার সীমানা মূলতঃ চারটি সাবেক জোন-এর মতই, যেখানে উপকূলের খার পরিবর্তনগুলো প্রতিফলনের জন্য সামান্য পরিবর্তন করা হয়েছে।
- প্রতিটি এলাকার জন্য প্রযোজ্য নিষেধাজ্ঞাসমূহের ব্যাখ্যা সংযোজন
- ভূ-গর্ভস্থ পানি পর্যবেক্ষণ ও পরীক্ষণের জন্য প্রয়োজনীয় শর্তগুলোর ব্যাখ্যা সংযোজন – পরিস্থিতি অনুযায়ী কখন শিল্পকারখানায় ব্যবহারের উদ্দেশ্যে ভূ-গর্ভস্থ পানি উত্তোলন করা যেতে পারে।

ভূগর্ভস্থ পানির গার্হস্থ্য ব্যবহার

বর্তমান আদেশের অধীনে, এলাকা 1 ও এলাকা 2 এর অধিবাসীদের গার্হস্থ্য ব্যবহারের জন্য ভূ-গর্ভস্থ পানি অবশ্যই উত্তোলন করা যাবে না।

গার্হস্থ্য ব্যবহারের মধ্যে রয়েছে:

- মানুষ বা প্রাণীর পানের জন্য পানি
- রান্নাবান্না



Department of Industry

- বাগানে পানি দেয়া – শাক-সবজি বা অন্যান্য ভোজ্য উদ্ভিদে পানি দেয়া সহ
- ধোয়া ও পরিষ্কারকরণ - যেমন, গাঢ়ি বা পোশাক
- স্নান করা
- সুইমিং পুল ভর্তি করা

এলাকা 1 বা এলাকা 2 এ সম্ভাব্য স্বাস্থ্য ঝুঁকি সম্পর্কে উদ্বিগ্ন অধিবাসীরা তাদের স্থানীয় জনস্বাস্থ্য ইউনিটের সাথে **1300 066 055** নম্বরে যোগাযোগ করতে পারেন।

ভূগর্ভস্থ পানির ব্যবস্থাপনা

সরকারি সংস্থাসমূহ, পানি সংশ্লিষ্ট ইউটিলিটি ও বৃহৎ উন্নয়ন কর্মকাণ্ড কর্তৃক ভূ-গর্ভ হতে পানি উত্তোলন ও ব্যবহারের জন্য NSW ডিপার্টমেন্ট অব ইন্ডাস্ট্রি—ল্যান্ডস অ্যান্ড ওয়াটার প্রয়োজনীয় লাইসেন্স ও অনুমোদন ব্যবস্থাপনা করে থাকে।

ভূ-গর্ভ হতে উত্তোলিত পানি পাওয়া ও তা ব্যবহার করার ক্ষেত্রে স্থানীয় অধিবাসীদের ও বেশিরভাগ শিল্পের লাইসেন্স ও অনুমোদন ব্যবস্থাপনার দায়িত্ব WaterNSW-এর।

আরো তথ্য:

- পানি বিষয়ক সাময়িক নিষেধাজ্ঞা আদেশ, www.water.nsw.gov.au/botany-sands-groundwater ওয়েবসাইট দেখুন
- ব্যবহারের উদ্দেশ্যে উপযুক্ততা সম্পর্কে আরো তথ্যের জন্য, পানি বিষয়ক অস্থায়ী নিষেধাজ্ঞা আদেশ-এ যান অথবা আপনার লাইসেন্সদাতার সাথে যোগাযোগ করুন।
- NSW ডিপার্টমেন্ট অব ইন্ডাস্ট্রি—ল্যান্ডস অ্যান্ড ওয়াটার হলো সরকারি সংস্থাসমূহ, পানি সংশ্লিষ্ট ইউটিলিটি ও বৃহৎ উন্নয়ন কর্মকাণ্ডের জন্য লাইসেন্সদাতা। NSW ডিপার্টমেন্ট অব ইন্ডাস্ট্রি—ল্যান্ডস অ্যান্ড ওয়াটার-কে **1800 353 104** নম্বরে কল করুন।
- ভূ-গর্ভস্থ পানি ব্যবহার ও স্বাস্থ্য সম্পর্কে আরো তথ্যের জন্য, এখানে যান: www.health.nsw.gov.au > A থেকে Z > ভূ-গর্ভস্থ পানি (A to Z > Groundwater), এবং বোটানিতে EDC দ্বারা ভূ-গর্ভস্থ পানির দূষণ
- বোটানি এলাকার দূষিত জায়গাসমূহ সম্পর্কে আরো তথ্যের জন্য, এখানে যান: www.epa.nsw.gov.au > মিডিয়া ও তথ্য > কমিউনিটি সংবাদ > বোটানি পারবেন (Media and Information > Community news > Botany Bay)
- ওরিকা বোটানি সাইটের দূষণ সংশোধন সম্পর্কে আরো তথ্যের জন্য, এখানে যান: www.orica.com.au > স্থানসমূহ > অস্ট্রেলিয়া, প্যাসিফিক ও ইন্দোনেশিয়া > অস্ট্রেলিয়া > বোটানির দূষণ সংশোধন প্রকল্প (Locations > Australia, Pacific and Indonesia > Australia > Botany Remediation Projects)